



শুশুরবাড়ি থেকে নিয়মিত পাকিস্তানি ড্রেস উপহার পাই: ফারিণ



অভিনেত্রী তাসনিয়া ফারিণ | ছবি: সংগৃহীত

ঈদের সময় ব্যক্তিগত কেনাকাটার চেয়ে পরিবার ও কাছের মানুষের জন্যই বেশি সময় ও মনোযোগ দেন ছোট ও বড় পর্দার পরিচিত মুখ তাসনিয়া ফারিণ। সম্প্রতি এক সাক্ষাৎকারে তিনি জানিয়েছেন, নিজের জন্য আলাদা করে কেনাকাটা করার অভ্যাস আগের তুলনায় অনেক কমে গেছে।

অভিনেত্রীর ভাষায়, আগে ঈদ এলে শপিংয়ের তালিকা বেশ বড় থাকত, তবে এখন পরিস্থিতি বদলেছে। ঘরেই প্রচুর পোশাক জমে থাকায় নতুন কেনাকাটার প্রয়োজনও কম অনুভব করেন তিনি। তাই ঈদে নিজের জন্য আলাদা করে কিছু কেনার চেয়ে পরিবারের সদস্যদের জন্য কেনাকাটাতেই বেশি আগ্রহী থাকেন।

কোরবানির ঈদ নিয়ে নিজের অভিজ্ঞতাও তুলে ধরেন ফারিণ। তিনি জানান, এ সময় মূল ব্যস্ততা থাকে কোরবানির প্রস্তুতি ঘিরে, ফলে পোশাক কেনাকাটা তুলনামূলকভাবে কম হয়। তবুও কাছের মানুষদের জন্য ছোটখাটো উপহার দিতে তিনি চেষ্টা করেন।

শুশুরবাড়ি থেকে পাওয়া উপহার নিয়েও খোলামেলা কথা বলেন এই অভিনেত্রী। তিনি জানান, শুশুরবাড়ি থেকে প্রায়ই পাকিস্তানি লন ড্রেস উপহার হিসেবে পান, যা তার কাছে বেশ স্বাভাবিক একটি বিষয় হয়ে দাঁড়িয়েছে।

ঈদের দিনগুলোর ব্যক্তিগত পছন্দ নিয়েও কথা বলেন তিনি। কোরবানির সময় গন্ধের প্রতি সংবেদনশীলতার কারণে তিনি সাধারণত ঘরের ভেতরেই বেশি সময় কাটান এবং বাইরে কম বের হন।

তবে সামাজিকতা বজায় রাখার বিষয়েও তিনি সচেতন। আত্মীয়স্বজনের সঙ্গে দেখা করা, কোরবানির মাংস বিতরণ এবং ঘরোয়া রান্নাবান্নার ব্যস্ততা মিলিয়েই তার ঈদের সময় কাটে বলে জানান এই অভিনেত্রী।